

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
রমনা, ঢাকা।

www.publiclibrary.gov.bd

স্মারক নং- ৪৩.২৬.০০০০.০০১.৩৫.১৬৪.১৩-৬৬৫২

তারিখ: ০২/০৪/২৬

বিষয়: দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ এবং ব্যাখ্যা প্রদান।

আপনি জনাব মোঃ সহিদুল হক, সহকারী লাইব্রেরিয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী গণগ্রন্থাগার অধিদপ্তরের ০১.০৩.২০২৬ তারিখে নং ৪৩.২৬.০০০০.০০১.৩৫.১৬৪.১৩-৩১৮৬ সংখ্যক স্মারকে কারণ দর্শানোর নোটিশের প্রেক্ষিতে ১৬.০৩.২০২৬ তারিখে নং ৪৩.২৬.৭৩০০.০০০.৯৯.০০২.১৯-২১ সংখ্যক স্মারকে জবাব দাখিল করেছেন তা অস্পষ্ট বা অসঙ্গতিপূর্ণ।

যেহেতু, আপনি নিরাপত্তা প্রহরী জনাব মোঃ ইমদাদুল হক এর কারাগারে থাকার বিষয়টি গোপন করেছেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষ সহ বিভাগীয় কার্যালয় কে অবগত করেননি যা কর্তব্যে চরম অবহেলার শামিল।

যেহেতু, আপনি মোঃ সহিদুল হক উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নীলফামারীর প্রশাসনিক কর্মকর্তা (অবঃ) জনাব মোঃ শফিকুল ইসলাম এর নিকট থেকে গত ১৫.০৭.২০২৫ তারিখে ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ধার নিয়ে কবে পরিশোধ করবেন তা উল্লেখ করেননি।

যেহেতু, আপনার উপরোক্ত আচরণ একজন সরকারি কর্মকর্তার জন্য অশোভনীয় আচরণ এবং সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী, যা সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ২ (খ) (আ) মোতাবেক কর্তব্যে অবহেলার শামিল।

সেহেতু, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮-এর ২ (খ) (আ) এবং ৪ এর ২ (গ) মোতাবেক কর্তব্যে অবহেলার অভিযোগে অভিযুক্ত করে উক্ত বিধির আলোকে কেন আপনাকে শাস্তি প্রদান করা হবে না তা উক্ত নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সন্তোষজনক জবাব দেয়ার নির্দেশ দেয়া হলো।

মোঃ সহিদুল হক
সহকারী লাইব্রেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার, নীলফামারী

স্মারক নং- ৪৩.২৬.০০০০.০০১.৩৫.১৬৪.১৩-৬৬৫২

০২/০৪/২৬
২/৪/২০২৬
মোছা: মরিয়ম বেগম
পরিচালক
প্রশাসন ও হিসাব

তারিখ: ০২/০৪/২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, রংপুর।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, গণগ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ৩। অফিস কপি।

০২/০৪/২০২৬
মোঃ হাবিবুর রশীদ
সহকারী পরিচালক
(প্রশাসন-২)